গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালা, সাতক্ষীরা
www.talasatkhira.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৪.৮৭৯০.০০০.৩৮.০০৭.২২- ৪৯৬

১৫জৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৯/০৫/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর ও নং-৮৯ আইন/২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/ ১২ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং২২৭-আইন/২০১৬ এর প্রদত্ত আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৫ নভেম্বর, ২০১৬ তারিখে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৯ কার্তিক , ১৪২৩ বঙ্গাব্দ/ ১৩ নভেম্বর, ২০১৬ তারিখের এস,আর,ও নং- -৩৩৬-আইন/২০১৬ এ প্রদত্ত আদেশবলে সাতক্ষীরা জেলাধীন তালা উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) শূন্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের সংখ্যা | | ওয়ার্ড নং | পদের বিপরীতে মাসিক বেতন | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| | | দফাদার | মহল্লাদার | | মহল্লাদার | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ধানদিয়া | | ১ | ৩ নং ওয়ার্ড | সরকার কর্তৃক নির্ধারিত হারে. | | মহল্লাদার : সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | নগরঘাটা | | ২ | ৩,৫ নং ওয়ার্ড | | | |
| ০৩ | সরুলিয়া | | ২ | ২,৭ নং ওয়ার্ড | | | |
| ০৩ | তেঁতুলিয়া | - | ১ | ৬ নং ওয়ার্ড | | | |
| ০৪ | খেশরা | | ১ | ২ নং ওয়ার্ড | | | |
| ০৫ | জালালপুর | | ২ | ২,৬ নং ওয়ার্ড | | | |

১। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা, সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে।

২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (১২/০৬/২০২২ খ্রিঃ), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখ সহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।

৩। প্রার্থীর উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট , সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) , ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৪৫ কেজি।

৪। আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকুলে ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র (খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদ। সকল সত্যায়িত কাগজপত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সিল থাকতে হবে, তা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। কোন কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। ১০.০০ (দশ) টাকা ডাকটিকিট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫X১০ ইঞ্চি সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে জমা দিতে

হবে।

৮। প্রার্থীর বয়স আগামী ১২/০৬/২০২২ খ্রিঃ তারিখ ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৯। প্রার্থীকে আগামী ১২/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল করতে পারবে।

২৯।০৫।২২


প্রশান্ত কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা
ফোন- ০১৭০৭-৮১৫১১৮
Email: unotala01@gmail.com


নম্বর - ০৫.৪৪.৮৭৯০.০০০.৩৮.০০৭.২২- ৪৭৬

১৫ জৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৯/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জনাব মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১, তালা-কলারোয়া

৩। সচিব, জনপ্রাশসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা

৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা

৭। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।

৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।

১০। সহকারী কমিশনার (ভূমি), তালা, সাতক্ষীরা।

১১। উপজেলা ................................................ অফিসার (সকল), তালা।

১২। চেয়ারম্যান ........................................... ইউনিয়ন পরিষদ (সকল), তালা, তাকে ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়নের তথ্য বাতায়ন এবং হাট/বাজারে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা। উপজেলা তথ্য বাতায়নে বিজ্ঞপ্তিটি প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১৪। উপজেলা নির্বাহী অফিস, তালার নোটিশ বোর্ড।

১৫। অফিস কপি।

২৯।০৫।২২

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।